

বার্ষিক প্রতিবেদন
২০১৭ - ১৮

জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)
পরিকল্পনা মন্ত্রণালয়
৩/এ, নীলক্ষেত্র, ঢাকা - ১২০৫



জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি

প্রসঙ্গ কথা

জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি) দেশের অন্যতম একটি নেতৃত্বস্থানীয় প্রশিক্ষণ প্রতিষ্ঠান। মানবসম্পদ উন্নয়নের মাধ্যমে দেশের আর্থ-সামাজিক উন্নয়ন এবং সুশাসন প্রতিষ্ঠায় সহায়তা প্রদান করা একাডেমির মূল লক্ষ্য। এই লক্ষ্য অর্জনের অভিপ্রায়ে একাডেমি বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করে থাকে। একাডেমি ২০১৭-১৮ অর্থ বছরে মোট ১,৯৭৯ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করেছে। এই প্রশিক্ষণে সময়ানুবর্তিতা, শৃঙ্খলা, নৈতিকতা, মূল্যবোধ, গুদাচার কৌশল বাস্তবায়ন ইত্যাদি বিষয়ের উপর বিশেষ গুরুত্ব আরোপ করা হয়ে থাকে। এ ছাড়া একাডেমি বছরব্যাপী গবেষণা, কর্মশালা ও সেমিনার ইত্যাদি আয়োজন করে থাকে। জার্নাল এবং বুলেটিন প্রকাশ করাও একাডেমির নিয়মিত কাজ। এসব কাজে সহায়তার জন্য প্রশাসন, হিসাব, লাইব্রেরি, কম্পিউটার ল্যাব, ল্যাংগুয়েজ ল্যাব, অডিও ভিজুয়াল সেন্টার, ডরমিটরি ও ক্যাফেটেরিয়া ইত্যাদি সার্ভিস ইউনিট নিরলসভাবে কাজ করেছে। এই প্রতিবেদনে জুলাই ২০১৭ - জুন ২০১৮ সময়ে একাডেমি কর্তৃক পরিচালিত কার্যক্রমের বিবরণ উপস্থাপন করা হয়েছে।

একাডেমির যে সকল কর্মকর্তা-কর্মচারী বার্ষিক প্রতিবেদন প্রকাশে সম্পৃক্ত রয়েছেন তাদের সকলকে আন্তরিক ধন্যবাদ জানাই।

মো: কামাল উদ্দিন তালুকদার

মহাপরিচালক

(সরকারের সচিব)

জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)

সম্পাদনায়	:	মোঃ হাসান তারিক পরিচালক (গবেষণা ও প্রকাশনা)
	:	মোঃ নূরুল ইসলাম প্রধান প্রশিক্ষক-৩
	:	তৌহিদুর রহমান চৌধুরী উপ-পরিচালক (গবেষণা ও প্রকাশনা)
	:	মোঃ ইমামুল হাফিজ নাদিম গবেষণা কর্মকর্তা

প্রকাশনায় : জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)
পরিকল্পনা মন্ত্রণালয়
৩/এ, নীলক্ষেত, ঢাকা-১২০৫
ফোন: ০২-৫৮৬১৪৭০৫-৬ (পিএবিএক্স)
ফ্যাক্স: ০২-৫৮৬১৫৬৯৫
ই-মেইল: info@napd.gov.bd
ওয়েব সাইট: www.napd.gov.bd

প্রকাশকাল: অক্টোবর, ২০১৮


সূচিপত্র

ক্রমিক নং	পরিচ্ছদ	বিষয়	পৃষ্ঠা নং
১।	প্রথম পরিচ্ছদ	: এক নজরে জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি	০১-০৯
২।	দ্বিতীয় পরিচ্ছদ	: প্রশিক্ষণ চিত্র জুলাই ২০১৭- জুন ২০১৮	১০-১৫
৩।	তৃতীয় পরিচ্ছদ	: প্রকাশনা, গবেষণা ও পরামর্শ	১৬-১৮
৪।	চতুর্থ পরিচ্ছদ	: কর্মশালা, সেমিনার ও অন্যান্য গুরুত্বপূর্ণ অনুষ্ঠান	১৯
৫।	পঞ্চম পরিচ্ছদ	: লাইব্রেরি, কম্পিউটার ল্যাব, ল্যাংগুয়েজ ল্যাব ও অডিও ভিজুয়াল যন্ত্রপাতি	২০-২৫
৬।	ষষ্ঠ পরিচ্ছদ	: একাডেমির অন্যান্য সুযোগ সুবিধা	২৬-৩০
৭।	সপ্তম পরিচ্ছদ	: বাজেট ও হিসাব (জুলাই ২০১৭- জুন ২০১৮)	৩১-৩৩
৮।	অষ্টম পরিচ্ছদ	: যোগদান-বদলি-পদোন্নতি	৩৪
৯।	নবম পরিচ্ছদ	: একাডেমির অনুষদ পরিচিতি ও অনুষদ উন্নয়ন	৩৫-৫১
১০।	দশম পরিচ্ছদ	: একাডেমির জনবল	৫২-৫৫
১১।	একাদশ পরিচ্ছদ	: একাডেমির উন্নয়ন প্রকল্প	৫৬-৫৯
১২।	পরিশিষ্ট	: ২০১৭-২০১৮ প্রশিক্ষণ বর্ষে কোর্সের তালিকা (পরিশিষ্ট-১) ২০১৭-২০১৮ প্রশিক্ষণ বর্ষে বাস্তবায়িত প্রশিক্ষণ কোর্সের তালিকা (পরিশিষ্ট-২) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (পরিশিষ্ট-৩) একাডেমির সিটিজেন চার্টার (পরিশিষ্ট-৪)	

প্রথম পরিচ্ছদ: এক নজরে জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)

ভূমিকা:

জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি পরিকল্পনা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন একটি জাতীয় প্রশিক্ষণ প্রতিষ্ঠান। পরিকল্পনা ও উন্নয়ন কর্মকাণ্ডের সাথে সংশ্লিষ্ট সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত কর্মকর্তাদের পেশাগত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে নভেম্বর ১৯৮০ সালে এই একাডেমি প্রকল্প হিসেবে যাত্রা শুরু করে। এরপর ১৯৮৪ সালে একাডেমি সরকারের রাজস্ব খাতে স্থানান্তরিত হয়। মন্ত্রিপরিষদ বিভাগের ০৬-০১-১৯৮৫ তারিখের সিদ্ধান্ত মোতাবেক পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি প্রথমে বডি কর্পোরেট এবং পরে ০৩-০২-১৯৮৫ তারিখে ‘সরকারি শিক্ষা ও প্রশিক্ষণ প্রতিষ্ঠান অধ্যাদেশ-১৯৬১’ এর আওতায় একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে রূপ নেয়। ২০০৭ সালের ১২ জুন তারিখে অনুষ্ঠিত ‘বোর্ড অব গভর্নর্স’-এর এক সভায় একাডেমির নাম “পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি” এর পরিবর্তে “জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি” করার সিদ্ধান্ত গৃহীত হয়। ৩০ আগস্ট, ২০০৯ তারিখে একাডেমির নতুন নামকরণ মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। গত ৩ মার্চ, ২০১০ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতিতে একাডেমির “রজত জয়ন্তী” পালিত হয়। একাডেমি ৩/এ, নীলক্ষেত, ঢাকায় ১.০০ একর জমির উপর নয় তলা প্রশিক্ষণ ভবন, সাত তলা ডরমিটরী ভবন ও তিন তলা ক্যাফেটেরিয়া ভবন নিয়ে প্রতিষ্ঠিত।



জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমির (এনএপিডি) গুরুত্বপূর্ণ কাজ

রূপকল্প (Vision) :

২০২৫ সালের মধ্যে পরিকল্পনা ও উন্নয়ন বিষয়ে দেশের অন্যতম প্রশিক্ষণ প্রতিষ্ঠান হিসেবে আত্মপ্রকাশ।

অভিলক্ষ্য (Mission) :

প্রশিক্ষণ, গবেষণা ও পরামর্শ প্রদানের মাধ্যমে পরিকল্পনা ও উন্নয়ন বিষয়ে দক্ষ ও নৈতিকভাবে বলীয়ান জনবল সৃষ্টি।

কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

১. কার্যকর পরিকল্পনা প্রণয়নের মাধ্যমে পরিকল্পনা ও উন্নয়ন বিষয়ে একাডেমির সক্ষমতা বৃদ্ধিকরণ;
২. প্রশিক্ষণের গুণগতমান উন্নয়ন সাধন;
৩. জাতীয় পরিকল্পনা প্রণয়নে কার্যকর ভূমিকা পালন।

আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন;
২. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন;
৩. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন;
৪. উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন;
৫. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন।

একাডেমির প্রধান উদ্দেশ্যাবলী:

- (ক) পরিকল্পনা কমিশন, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের কর্মকর্তাবৃন্দ, বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগ এবং অধীনস্থ সংস্থার পরিকল্পনা কোষ ও প্রকল্পে নিয়োজিত কর্মকর্তাবৃন্দের চাকুরিকালীন প্রশিক্ষণ প্রদান;
- (খ) বিসিএস (ইকনমিক) ক্যাডারে নিয়োজিত কর্মকর্তাদের নিয়োগোত্তর বিভাগীয় প্রশিক্ষণ এবং অনুরোধ কোর্স হিসাবে অন্যান্য ক্যাডারভুক্ত কর্মকর্তাদের বুনিয়াদী প্রশিক্ষণ প্রদান;
- (গ) বিভিন্ন মন্ত্রণালয় ও সংস্থার কর্মকর্তাদের জন্য প্রয়োজন ও চাহিদা মোতাবেক প্রশিক্ষণ কোর্সের আয়োজন করা;
- (ঘ) উন্নয়ন প্রকল্প প্রণয়ন, বিনিয়োগপূর্ব নিরীক্ষা, পরিবীক্ষণ ও মূল্যায়নের ব্যাপারে বিভিন্ন মন্ত্রণালয় ও সংস্থাসমূহকে পরামর্শ প্রদান;
- (ঙ) উন্নয়ন পরিকল্পনা সংক্রান্ত গবেষণা ও মূল্যায়ন সমীক্ষা পরিচালনা করা;
- (চ) দেশে ও বিদেশে বিভিন্ন প্রশিক্ষণ প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ রাখা।

বোর্ড অব গভর্নরস:

জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমির নীতি নির্ধারণ, কর্ম পরিকল্পনা অনুমোদন ও নিয়ন্ত্রণের জন্য নিম্নলিখিত ১৫ সদস্যের উচ্চ পর্যায়ের একটি বোর্ড অব গভর্নরস রয়েছে:

(১)	পরিকল্পনা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী	চেয়ারম্যান
(২)	সচিব, পরিকল্পনা বিভাগ	ভাইস চেয়ারম্যান
(৩)	সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ	সদস্য
(৪)	সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বিভাগ	সদস্য
(৫)	সচিব, অর্থ বিভাগ	সদস্য
(৬)	সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ	সদস্য
(৭)	রেস্টুর, বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র	সদস্য
(৮)	সদস্য সচিব, জাতীয় প্রশিক্ষণ কাউন্সিল, জনপ্রশাসন মন্ত্রণালয়	সদস্য
(৯)	সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বারস্ অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ	সদস্য
(১০)	মহাপরিচালক, বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজম্যান্ট	সদস্য
(১১)	চেয়ারম্যান, অর্থনীতি বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়	সদস্য
(১২)	পরিচালক, আইবিএ, ঢাকা বিশ্ববিদ্যালয়	সদস্য
(১৩)	প্রেসিডেন্ট, ইন্সটিটিউট অব চার্টার্ড একাউন্ট্যান্টস অব বাংলাদেশ	সদস্য
(১৪)	মহাপরিচালক, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান	সদস্য
(১৫)	মহাপরিচালক, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি	সদস্য-সচিব

নির্বাহী কার্য সম্পাদন:

একাডেমির প্রধান নির্বাহী কর্মকর্তা হচ্ছেন মহাপরিচালক। সারণী- ১ এ ১৯৮০ সাল থেকে বর্তমান সময় পর্যন্ত একাডেমির প্রধানগণের নাম ও তাঁদের কার্যকাল দেখানো হয়েছে। একাডেমির কার্যাবলী সুষ্ঠুভাবে পরিচালনার জন্য এর সাংগঠনিক কাঠামোতে মোট ১০৯ জন কর্মকর্তা ও কর্মচারীর সংস্থান রয়েছে। “পরিকল্পনা ও উন্নয়ন একাডেমির কর্মচারী চাকুরি প্রবিধানমালা ১৯৮৮” নামে অভিহিত একটি প্রবিধানমালা রয়েছে যার আওতায় কর্মকর্তা ও কর্মচারীদের নিয়োগ, পদোন্নতি, আচরণবিধি, ছুটি ইত্যাদি বিষয়গুলো পরিচালিত হয়ে থাকে। একাডেমির ডরমিটরী ও ক্যাফেটেরিয়ার সেবা চালু রাখার জন্য বোর্ডের অনুমোদনক্রমে ১৯ জন কর্মচারী দৈনিক ভিত্তিতে নিয়োজিত রয়েছেন। একাডেমির মূল বিভাগ ৩টি, প্রশিক্ষণ, গবেষণা ও প্রকাশনা এবং প্রশাসন। প্রশিক্ষণ বিভাগের প্রধান দিকসমূহ হচ্ছে প্রশিক্ষণ এবং গবেষণা ও প্রকাশনা বিভাগের প্রধান দিকসমূহ হচ্ছে গবেষণা, পরামর্শ, প্রকাশনা ও মূল্যায়ন। অন্যদিকে সাধারণ প্রশাসন, হিসাব, ক্রয় ও মালামাল ব্যবস্থাপনা, রক্ষণাবেক্ষণ, লাইব্রেরি, অডিওভিজুয়াল এবং কম্পিউটার, যানবাহন, ক্যাফেটেরিয়া ও ডরমিটরী ব্যবস্থাপনা ইত্যাদি প্রশাসন বিভাগের কাজ। মিলনায়তন, ক্যাফেটেরিয়া ও ডরমিটরী প্রশাসন বিভাগের মাধ্যমে পরিচালিত হয়ে থাকে।

সারণী ১: একাডেমিতে নিয়োজিত অধ্যক্ষ/মহাপরিচালকগণের নাম ও তাঁদের কার্যকাল (১৯৮০ - ২০১৮):

	অধ্যক্ষ/মহাপরিচালক	কার্যকাল
০১।	জনাব মোঃ জয়নুল আবেদীন প্রতিষ্ঠাতা অধ্যক্ষ	০১/১১/১৯৮০- ২৪/১১/১৯৯১
০২।	মিসেস নীলুফার বেগম ভারপ্রাপ্ত অধ্যক্ষ	২৫/১১/১৯৯১ - ১৪/০৩/১৯৯২ ২৫/০৫/৯৩ - ৩১/০৭/৯৩ ৩১-১২-৯৩ - ২৩/০৪/৯৪
০৩।	ড. তৌফিক-ই- ইলাহী চৌধুরী, বীরবিক্রম অতিরিক্ত সচিব	১৫/০৩/৯২- ২৭/০৫/৯৩
০৪।	জনাব শরদিন্দু শেখর চাকমা অতিরিক্ত সচিব	০১/০৮/৯৩ - ৩০/১২/৯৩
০৫।	ড. এস. জামান মজুমদার অতিরিক্ত সচিব	২৪/০৪/৯৪- ০৮/১১/৯৫
০৬।	জনাব জগন্নাথ দে অতিরিক্ত সচিব	০৮/১১/৯৪- ১৪/০১/৯৭
০৭।	জনাব আবদুল মান্নান হাওলাদার অতিরিক্ত সচিব	০১/০৩/৯৭- ১৪/১০/৯৭
০৮।	জনাব আজিজুল হক অতিরিক্ত সচিব	১২/১০/৯৭ - ২৭/১১/৯৭
০৯।	জনাব মোশারফ হোসেন ভারপ্রাপ্ত অধ্যক্ষ	১৫/০১/৯৭ - ৩১/০২/৯৭ ২৮/১১/৯৭ - ০৫/০৩/৯৮ ২৬/১২/২০০০ - ১৯/৫/২০০১
১০।	জনাব অরবিন্দ কর অতিরিক্ত সচিব	০৫/০৩/৯৮- ০৩/০১/২০০০
১১।	প্রফেসর এম শফিউল্লাহ অতিরিক্ত সচিব	০৫/০৭/২০০০-২৫/১২/২০০০
১২।	জনাব দলিল উদ্দিন মন্ডল অতিরিক্ত সচিব	২০/০৫/২০০১ - ১১/০৩/২০০২
১৩।	জনাব মো: লুৎফর রহমান যুগ্ম-সচিব	১২/৩/২০০২ - ৩১/১০/২০০২
১৪।	জনাব মো: জানিবুল হক অতিরিক্ত সচিব	৩১/১০/২০০২ - ২১/১২/২০০৫
১৫।	সৈয়দ আতাউর রহমান অতিরিক্ত সচিব	০৩/০১/২০০৬ - ০৭/০৩/২০০৬
১৬।	ড. মোঃ গোলাম মোস্তফা তালুকদার অতিরিক্ত সচিব	০২/০৪/২০০৬ - ১০/১১/২০০৬

	অধ্যক্ষ/মহাপরিচালক	কার্যকাল
১৭।	জনাব মোঃ শফিকুল ইসলাম অতিরিক্ত সচিব	১২/১১/২০০৬ - ০৯/০১/২০০৭
১৮।	জনাব ফজলে কবির অতিরিক্ত সচিব	১১/০২/২০০৭ - ২৮/০১/২০০৮
১৯।	বেগম কওছার জহুরা যুগ্ম-সচিব	০২/০৪/২০০৮ - ১৮/০১/২০০৯
২০।	খন্দকার রাশেদুল হক অতিরিক্ত সচিব	০২/০২/২০০৯-১৯/০৭/২০০৯
২১।	ড. এম. এ. কামাল সচিব (অবঃ)	২০/০৭/২০০৯-১২/০৭/২০১২
২১।	এ.কে.এম. আবদুল আউয়াল মজুমদার সচিব	০৭/০৮/১২ - ৯/১২/২০১৪
২২।	ড. খোন্দকার শওকত হোসেন সচিব	১০/১২/২০১৪ - ০১/০৪/২০১৫
২৩।	কে এম মোজাম্মেল হক সচিব	০২/০৪/১৫ - ১২/০৫/২০১৬
২৪।	কানিজ ফাতেমা এনডিসি সচিব	১৬/০৫/১৬ - ২৮/১২/২০১৭
২৫।	বেগম নাসরিন আক্তার সচিব (ভারপ্রাপ্ত)	৩১/১২/২০১৭-০৬/০৫/২০১৮
২৬।	জনাব মোঃ কামাল উদ্দিন তালুকদার সচিব	০৮/০৫/২০১৮- চলমান

একাডেমি ১৯৮১ সাল থেকে জুন ২০১৮ পর্যন্ত ১,৪৪৫টি কোর্স আয়োজনের মাধ্যমে মোট ৩৯,৩৭৯ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করেছে (সারণী ০২)। এখানে উল্লেখ্য যে, একাডেমি বিগত ০৫ বছরে গড়ে ২,৬৬৯ জন কর্মকর্তাকে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করেছে। সুতরাং নির্দিধায় বলা যায়, একাডেমি যে উদ্দেশ্যে প্রতিষ্ঠিত হয়েছিল তা সুষ্ঠু ও সফলভাবে অর্জিত হচ্ছে।


সারণী ২: একাডেমিতে অনুষ্ঠিত ১৯৮১-২০১৮ মেয়াদের প্রশিক্ষণ তথ্য:

বছর	কোর্সের সংখ্যা	প্রশিক্ষণার্থীর সংখ্যা
১৯৮১	২	৩৮
১৯৮২	৭	১৭২
১৯৮৩	১৯	৪৩০
১৯৮৪	২৩	৫৫১
১৯৮৫	১২	২২৭
১৯৮৬	৪৪	১,০৮৪
১৯৮৭	২১	৪৮৯
১৯৮৮	২৯	৬৮৫
১৯৮৯	২৪	৫২৯

১৯৯০	২৯	৪৫৮
১৯৯১	৩২	৬৮২
১৯৯২	৩২	৮৭৮
১৯৯৩	৩০	৮৬৩
১৯৯৪	১১	৩৫৬
১৯৯৫	১৭	৪৭৫
১৯৯৬	২১	৫৫৮
১৯৯৭	২৭	৫৪১
১৯৯৮	৪৭	১,০২৬
১৯৯৯	৪২	১,০৬৮
২০০০	৩৮	৮৯১
২০০১	৩১	৬৮২
২০০২	২৩	৫৭৭
২০০৩	২০	৫২৩
২০০৪	৩১	৬৮৫
২০০৫	৪২	১,১৮৩
২০০৬	২৯	৬১৪

বছর	কোর্সের সংখ্যা	প্রশিক্ষণার্থীর সংখ্যা
২০০৭	৩১	৭৩২
২০০৮	৪২	১,০৫৫
২০০৯	৪০	১,০১৬
২০০৯-২০১০	৫১	১,৫৯৬
২০১০-২০১১	৫৫	১,৬২২
২০১১-২০১২	৬০	১,৬৬৪
২০১২-২০১৩	৬৬	২,০৮১
২০১৩-২০১৪	৯৯	২,৬৬৯
২০১৪-২০১৫	১০৬	৩,৭১৯
২০১৫-২০১৬	৮০	২৫৭৬
২০১৬-২০১৭	৬৭	২৪০৫
২০১৭-২০১৮	৬৫	১৯৭৯
মোট =	১৪৪৫	৩৯৩৭৯

প্রতিষ্ঠার প্রথম বর্ষ থেকেই একাডেমির ওপর অর্পিত দায়িত্ব সুচারুরূপে পালিত হয়ে আসছে। ফলশ্রুতিতে ১৯৮১ সাল থেকে ক্রমান্বয়ে একাডেমিতে আয়োজিত কোর্সের সংখ্যা (লেখচিত্র - ০১) এবং প্রশিক্ষণার্থীর সংখ্যা (লেখচিত্র - ০২) বৃদ্ধি পেয়েছে।




লেখচিত্র-১ (ক): ১৯৮১ - ২০০০ পর্যন্ত একাডেমিতে আয়োজিত কোর্সের সংখ্যা ।




লেখচিত্র-১ (খ): ২০০১ - জুন, ২০১৮ পর্যন্ত একাডেমিতে আয়োজিত কোর্সের সংখ্যা ।

প্রশিক্ষণার্থীর সংখ্যা



লেখচিত্র-২ (ক): ১৯৮১ - ২০০০ সালে একাডেমিতে অনুষ্ঠিত বিভিন্ন কোর্সে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীর সংখ্যা ।

প্রশিক্ষণার্থীর সংখ্যা




লেখচিত্র-২ (খ): ২০০১ - জুন, ২০১৮ সালে একাডেমিতে অনুষ্ঠিত বিভিন্ন কোর্সে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীর সংখ্যা ।

একাডেমির প্রাতিষ্ঠানিক সদস্য পদ:

একাডেমি প্রশিক্ষণ ও উন্নয়ন সংশ্লিষ্ট বেশ কয়টি দেশি ও আন্তর্জাতিক সমিতির সদস্য:

- * Bangladesh Society for Training and Development (BSTD) – Bangladesh;
- * Association for Management Development Institute (AMDIB) – Bangladesh;
- * Association for Management Development Institute in South Asia (AMDISA) – Hyderabad, India.

একাডেমির অবস্থান:




ঢাকা মহানগরীর ৩/এ, নীলক্ষেতে একাডেমি অবস্থিত

দ্বিতীয় পরিচ্ছদ: প্রশিক্ষণ চিত্র জুলাই ২০১৭ - জুন ২০১৮

ভূমিকা: জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি দেশের উন্নয়ন কর্মকাণ্ডকে সামনে রেখে প্রায়োগিক প্রশিক্ষণ প্রদানের উদ্দেশ্যে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ ও বিশ্লেষণের মাধ্যমে নতুন বছরের জন্য প্রশিক্ষণ বর্ষপঞ্জি প্রণয়ন করে থাকে। প্রশিক্ষণ বর্ষপঞ্জি প্রণয়নের প্রাক্কালে অনুযায়ী সদস্যগণের সভায় বিষয়টি বিস্তারিত আলোচনা হয়। এই সভায় আলোচিত বিভিন্ন কোর্সের মূল্যায়ন তথ্য, অনুযায়ী সদস্যদের কোর্স পরিচালনা সংক্রান্ত অভিজ্ঞতা ইত্যাদির ওপর ভিত্তি করে ভবিষ্যৎ প্রশিক্ষণের রূপরেখা প্রণয়ন করা হয়। সময়ের চাহিদাকে প্রাধান্য দিয়ে কোর্সের বিষয়বস্তু, পদ্ধতি, মেয়াদ ইত্যাদি বিবেচনায় রেখে প্রশিক্ষণ পরিকল্পনা করা হয়। কোর্স কর্মসূচিকে যুগোপযোগী রাখার জন্য প্রতি বছর নতুন কোর্স বর্ষপঞ্জিতে অন্তর্ভুক্ত করা হয়। একাডেমির বোর্ড অব গভর্নরস্ কর্তৃক অনুমোদিত বর্ষপঞ্জি অর্থবছরের শুরুতে বিভিন্ন সরকারি/আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, এনজিও, কর্পোরেট ও বেসরকারি প্রতিষ্ঠানে পাঠানো হয়। এছাড়া কোর্স শুরুর পূর্বে প্রতিষ্ঠানভিত্তিক প্রতিটি কোর্সের জন্য প্রশিক্ষণার্থী মনোনয়ন চেয়ে পৃথকভাবে পত্র পাঠানো হয়। বর্ষপঞ্জিতে এবং মনোনয়নপত্রে প্রতিটি কোর্সের বিস্তারিত বিবরণ থাকে বিধায় মনোনয়ন প্রদানকারী প্রতিষ্ঠান তাদের জন্য প্রয়োজনীয় কোর্সটি সহজেই বেছে নিতে পারে।

প্রশিক্ষণ কার্যক্রম: প্রশিক্ষণ প্রদান করা একাডেমির অন্যতম প্রধান কাজ। একাডেমি সাধারণত তিন ধরনের প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করে থাকে: (ক) নিয়মিত (দিবা) কোর্স (খ) সাক্ষ্যকালীন (নৈশ) কোর্স ও (গ) অনুরোধ কোর্স (বিভিন্ন প্রতিষ্ঠান থেকে অনুরোধের ভিত্তিতে আয়োজিত কোর্স)।




জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি) এর প্রশিক্ষণ কার্যক্রম


২০১৭-২০১৮ এর বর্ষপঞ্জিতে প্রশিক্ষণ কোর্স (দিবা ও সাক্ষ্যকালীন) এবং বিশেষ বুনীয়াদী কোর্সসহ মোট ৬৫টি প্রশিক্ষণ কোর্সের পরিকল্পনা করা হয় (পরিশিষ্ট-১)। এ ৬৫টি কোর্সের মধ্যে নিয়মিত (দিবা) কোর্স ২৩টি, নিয়মিত (সাক্ষ্যকালীন) কোর্স ১৫টি এবং বিসিএস (স্বাস্থ্য) ক্যাডার কর্মকর্তাদের জন্য ০৯টি বিশেষ বুনীয়াদী কোর্স অনুষ্ঠিত হয়। এতে মোট ১৪২৪ জন কর্মকর্তা প্রশিক্ষণ গ্রহণ করেন। অধিকন্তু বিভিন্ন প্রতিষ্ঠানের অনুরোধের ভিত্তিতে আরও ১৪টি কোর্সের মাধ্যমে ৩৪৩ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়। এছাড়া ৩টি কর্মশালায় ২১২ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন। এতে বিভিন্ন প্রশিক্ষণ কোর্স ও কর্মশালায় মোট ১৯৭৯ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন। ২০১৭-২০১৮ প্রশিক্ষণ বর্ষে বাস্তবায়িত বিভিন্ন কোর্সের তথ্যাদি পরিশিষ্ট -২ এ দেখানো হলো।

২০১৭-২০১৮ প্রশিক্ষণ বর্ষে আয়োজিত বিভিন্ন কোর্সের সংখ্যা:

কোর্সের ধরন	পরিকল্পিত কোর্স সংখ্যা	বাস্তবায়িত কোর্স সংখ্যা
নিয়মিত (দিবা) কোর্স	২৩	২৩
নিয়মিত (সাক্ষ্যকালীন) কোর্স	১৫	১৫
অনুরোধ/বিশেষ বুনয়াদি প্রশিক্ষণ কোর্স	১০	২৩
কর্মশালা	০৪	০৩
মোট	৪৮	৬৫



লেখচিত্র ৩: ২০১৭-২০১৮ প্রশিক্ষণ বর্ষের জন্য পরিকল্পিত ও বাস্তবায়িত কোর্সের চিত্র ।



লেখচিত্র - ৪: ২০১৭-২০১৮ প্রশিক্ষণ বর্ষে বাস্তবায়িত বিভিন্ন কোর্সের আনুপাতিক চিত্র ।

প্রশিক্ষণ কোর্সের পরিসংখ্যানঃ

একাডেমির ২০১৭-১৮ প্রশিক্ষণ বর্ষপঞ্জি অনুযায়ী নিয়মিত (দিবা), নিয়মিত (সাক্ষ্যকালীন) এবং বিভিন্ন প্রতিষ্ঠানের অনুরোধের ভিত্তিতে নিম্নোক্ত কোর্সসমূহ আয়োজন করা হয়। বিস্তারিত বিবরণ নিম্নরূপঃ

ক্র. নং	কোর্সের নাম	কোর্সের সংখ্যা	কোর্সের ধরণ	প্রশিক্ষণার্থীর সংখ্যা		মোট
				পুরুষ	মহিলা	
১.	Project Appraisal, EIA and Formulation of DPP	০১	নিয়মিত (দিবা)	২৭	০৫	৩২
২.	Office Management (1 st batch)	০১	"	১৭	১০	২৭
৩.	Office Management (2 nd batch)	০১	"	২৭	০৪	৩১
৪.	Management Skills for Project Executives	০১	"	৪২	০২	৪৪
৫.	Public Financial Management (1 st batch)	০১	"	১৮	০৭	২৫
৬.	Human Resource Management (1 st batch)	০১	"	২৬	০৫	৩১
৭.	Leadership and Strategic Planning	০১	"	৪৬	১৫	৬১
৮.	IMED Monitoring & Reporting Procedures	০১	"	৪১	০৬	৪৭
৯.	Microsoft Project	০১	"	২৬	০৪	৩০
১০.	Development Planning and Project Management	০১	"	৩৯	০৫	৪৪
১১.	Public Procurement Management (1 st batch)	০১	"	৩১	০০	৩১
১২.	Human Resource Management (2 nd batch)	০১	"	৪৭	০৭	৫৪
১৩.	Transparency, Accountability & Good Governance	০১	"	২৮	০৭	৩৫
১৪.	Project Appraisal Study	০১	"	২৭	০৫	৩২
১৫.	Public Financial Management (2 nd batch)	০১	"	২৪	০৩	২৭
১৬.	Financial and Economic Appraisal of Projects	০১	"	১৪	০৩	১৭
১৭.	Monitoring & Evaluation of Development Projects	০১	"	১৫	০২	১৭
১৮.	E-Governance for Sustainable Development (14 th batch)	০১	"	৩১	০১	৩২
১৯.	Public Procurement Management (17 th batch)	০১	"	৪৬	১৩	৫৯
২০.	26 th Departmental Training for BCS (Economic) Cadre Officers	০১	"	২৩	০৯	৩২
২১.	Office Management (20 th batch)	০১	"	২২	০৩	২৫
২২.	Research Methodology	০১	"	১৬	০৭	২৩
২৩.	Environmental Issues of Project Management	০১	"	১৬	০১	১৭
	মোট =	২৩	"	৬৪৯	১২৪	৭৭৩

২৪.	Post Graduate Diploma in Information & Communication Technology (PGDICT) - 7 th Batch	০১	সাক্ষ্যকালীন	২৮	০২	৩০
২৫.	Post Graduate Diploma in Development Planning (29 th Batch) -2016	০১	"	২৩	০২	২৮
২৬.	Advanced Microsoft Excel (1 st batch)	০১	"	১৭	০২	১৯
২৭.	Advanced Microsoft Excel (2 nd batch)	০১	"	১৫	০০	১৫
২৮.	English Language Proficiency Course (1 st batch)	০১	"	৩২	০৭	৩৯
২৯.	Diploma in Project Planning, Development and Management (DPPDM)-10 th batch	০১	"	২০	০১	২১
৩০.	Computer Basics	০১	"	২৮	০১	২৯
৩১.	Office Automation for Organizational Development	০১	"	২১	০২	২৩
৩২.	Oracle Based Database Application Design	০১	"	১৯	০৫	২৪
৩৩.	English Language Proficiency Course (2 nd batch)	০১	"	৩৮	০৭	৪৫
৩৪.	Post Graduate Diploma in Information & Communication Technology (PGDICT) - 8 th Batch	০১	"	--	--	২২
৩৫.	Microsoft Project (14 th batch)	০১	"	১৫	০৩	১৮
৩৬.	Web Page Development and Deployment	০১	"	১৮	০২	২০
৩৭.	Post Graduate Diploma in Development Planning (30 th Batch) -2016	০১	"	--	--	১৯
৩৮.	Introduction to SPSS	০১	"	১৭	০২	১৯
	মোট =	১৫	"	২৯১	৩২	৩৭১
ক্র. ইং	কোর্সের নাম	কোর্সের সংখ্যা	কোর্সের ধরণ	প্রশিক্ষণার্থীর সংখ্যা		মোট
				পুরুষ	মহিলা	
৩৯.	“Office Management” for the Officers of Directorate General of Nursing & Midwifery (1 st batch)	০১	অনুরোধ কোর্স	০১	২৩	২৪
৪০.	“Office Management” for the Officers of Directorate General of Nursing & Midwifery (2 nd batch)	০১	"	০১	২৪	২৫
৪১.	“Office Management” for the Officers of Directorate General of Nursing & Midwifery (3 rd batch)	০১	"	০১	২৩	২৪

৪২.	“Office Management” for the Officers of Directorate General of Nursing & Midwifery (4 th batch)	০১	"	০০	২৬	২৬
৪৩.	Departmental Foundation Training Course for the Officers of DNCRP	০১	"	১৮	০৬	২৪
৪৪.	Departmental Foundation Training Course for BIWTA Officers	০১	"	২৭	০২	২৯
৪৫.	National Integrity Strategy for Good Governance for the Officials of BIWTA	০১	"	২০	০৫	২৫
৪৬.	Training Course on Training of Trainers on Rio Conventions (1 st batch)	০১	"	১১	০৫	১৬
৪৭.	Training Course on Training of Trainers on Rio Conventions (2 nd batch)	০১	"	১৪	০৬	২০
৪৮.	Office Management for the Nursing Officers (1 st batch)	০১	"	০০	২৫	২৫
৪৯.	Office Management for the Nursing Officers (2 nd batch)	০১	"	০০	২৫	২৫
৫০.	Project Management for the Officers of Bangladesh Atomic Energy Commission	০১	"	৩০	১০	৪০
৫১.	Training Course on Training of Trainers on Rio Conventions (3 rd batch)	০১	"	১৪	০৬	২০
৫২.	Microsoft Project, BAPEX	০১	"	১৮	০২	২০
	Total	১৪	"	১৫৫	১৮৮	৩৪৩
	Request (Health)		Request			
৫৩.	৪৯ th Special Foundation Training Course for BCS (health) cadre Officer	০১	"	২২	১২	৩৪
৫৪.	৯০ th Special Foundation Training Course for BCS (health) cadre Officer	০১	"	২১	১৩	৩৪
৫৫.	৯১ st Special Foundation Training Course for BCS (health) cadre Officer	০১	"	২২	১০	৩২
৫৬.	৯২ nd Special Foundation Training Course for BCS (health) cadre Officer	০১	"	২০	১২	৩২
৫৭.	৯৩ rd Special Foundation Training Course for BCS (health) cadre Officer	০১	"	২১	০৯	৩০
৫৮.	৯৪ th Special Foundation Training Course for BCS (health) cadre Officer	০১	"	২০	১০	৩০
৫৯.	৯৫ th Special Foundation Training Course for BCS (health) cadre Officer	০১	"	১৬	১৫	৩১
৬০.	৯৬ th Special Foundation Training Course for BCS (health) cadre Officer	০১	"	১৮	১০	২৮
৬১.	৯৭ th Special Foundation Training Course for BCS (health) cadre Officer	০১	"	১৭	১২	২৯
	Total	০৯	"	১৭৭	১০৩	২৮০

Workshop						
৬২.	Workshop on Course Curriculum Review	০১	"			৫২
৬৩.	Workshop on Total Quality Management (TQM), Kurigram	০১	"			৬০
৬৪.	Workshop on National Integrity, Quality Service and Implementing Good Governance (NIS), Cox's Bazar	০১	"			১০০
Total		০৩				২১২

বাস্তবায়িত স্থানীয় প্রশিক্ষণ ও কর্মশালাঃ

প্রকল্পের আওতায় Skill Development of NAPD officials, PD & PC শীর্ষক ০৫ কর্মদিবস মেয়াদি প্রশিক্ষণ কোর্সটি ২৩৫ জন প্রশিক্ষণার্থী নিয়ে ০৪ – ২৭ ফেব্রুয়ারি, ২০১৮ ও ১১ – ১৫ মার্চ, ২০১৮ সময়ে সম্পন্ন করা হয়।

প্রকল্পের আওতায় Distance Training on Project Management & TQM শীর্ষক প্রশিক্ষণ কোর্সটি ৬০জন প্রশিক্ষণার্থী নিয়ে ০৮ নভেম্বর ২০১৭ সময়ে এনএপিডি'র ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে কুরিগ্রাম জেলা পরিষদে সম্পন্ন করা হয়।

প্রকল্পের আওতায় Training curriculum development of NAPD (Developing training curriculum through talented person and officials of the country.) শীর্ষক কারিকুলাম প্রশিক্ষণটি ৫৪জন অংশগ্রহণকারীদের উপস্থিতিতে ১৯ অক্টোবর ২০১৭ সময়ে এনএপিডি'তে সম্পন্ন করা হয়।

প্রকল্পের আওতায় Training on Modern Office Management Course শীর্ষক প্রশিক্ষণ কোর্সটি ৩৮ জন প্রশিক্ষণার্থী নিয়ে ২৪ জুন – ০৯ আগস্ট ২০১৮ সময়ে সম্পন্ন করা হয়।

প্রকল্পের আওতায় জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) শীর্ষক কর্মশালা ১০০ জন অংশগ্রহণকারীর সমন্বয়ে গত ২৪/০২/২০১৮ তারিখ শনিবার The Sea Princess Hotel, কক্সবাজার এর সভা কক্ষে অনুষ্ঠিত হয়।

প্রশিক্ষণ মূল্যায়নঃ

প্রশিক্ষণ মূল্যায়ন বলতে প্রশিক্ষণ কর্মসূচি এবং প্রশিক্ষণার্থী উভয়ের মূল্যায়নকে বুঝানো হয়ে থাকে। প্রশিক্ষণ কর্মসূচিকে একাডেমিতে দু'ভাবে মূল্যায়ন করা হয়। একটি অধিবেশনভিত্তিক বক্তা ও বিষয়ের কার্যকারিতা যাচাইকল্পে মূল্যায়ন, যা প্রতিদিন ক্লাশ শেষে নির্ধারিত ছকে প্রশিক্ষণার্থীদের কাছ থেকে সংগ্রহ করা হয়। এছাড়া কোর্স সমাপ্তিলগ্নে কোর্সের সার্বিক বিষয় নিয়ে মৌখিক ও নির্ধারিত ছকে লিখিত মতামত গ্রহণ করা হয়। প্রশিক্ষণার্থীদের লিখিত ও মৌখিক মতামত গুরুত্বের সাথে বিবেচনা করে সর্বদা পরবর্তী কোর্সগুলোর গুণগত মান বৃদ্ধিকল্পে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করা হয়।

প্রশিক্ষণার্থীর মূল্যায়নে দু'ধরনের পদক্ষেপ গ্রহণ করা হয়। স্বল্পমেয়াদি কোর্সগুলোতে শুধুমাত্র সময় ব্যবস্থাপনা, আচরণ ইত্যাদি বিষয়গুলো বিবেচনায় থাকে। তবে এখানে সনদপত্রের সাথে কোন নম্বরপত্র দেয়া হয় না। দীর্ঘমেয়াদি কোর্স যেমন- বুনিয়াদি প্রশিক্ষণ, বিভাগীয় প্রশিক্ষণ, প্রকল্প ব্যবস্থাপনা, উন্নয়ন পরিকল্পনায় ডিপ্লোমা, প্রকল্প পরিকল্পনা, উন্নয়ন ও ব্যবস্থাপনা ইত্যাদি কোর্সে প্রশিক্ষণার্থীদের সনদপত্রের সাথে নম্বরপত্রও দেয়া হয়ে থাকে। এছাড়া ০২ মাস মেয়াদি বুনিয়াদি, বিভাগীয় প্রশিক্ষণ, বৎসরব্যাপী অনুষ্ঠিত ডিপ্লোমা কোর্সের প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় স্থান অধিকারীদের মহাপরিচালক অ্যাওয়ার্ড প্রদান করা হয়। শুধু তাই নয়, মহাপরিচালক অ্যাওয়ার্ডের সাথে “সার্টিফিকেট অব এক্সিলেন্স”ও প্রদান করা হয়।

তৃতীয় পরিচ্ছদ: প্রকাশনা, গবেষণা ও পরামর্শ

গবেষণা ও প্রকাশনা শাখার দায়িত্বে রয়েছেন পরিচালক (গবেষণা ও প্রকাশনা) জনাব মোঃ হাসান তারিক। তিনি ২৬.০১.২০১৪ তারিখ এ পদের দায়িত্বভার গ্রহণ করেন। শাখার দায়িত্বপ্রাপ্ত অন্যান্য কর্মকর্তারা হলেন উপ-পরিচালক (গবেষণা ও প্রকাশনা) জনাব তৌহিদুর রহমান চৌধুরী, গবেষণা কর্মকর্তা জনাব মোঃ সিরাজুল ইসলাম, জনাব মোঃ ইমামুল হাফিজ নাদিম, দ্বীপায়ন চক্রবর্তী পার্থ এবং গবেষণা অনুসন্ধানকারী জনাব মোঃ আবু হাশেম। এ শাখা ২০১৭-২০১৮ অর্থবছরে নিয়মিত প্রকাশনা- **Development Review** এর ২৭তম সংখ্যা প্রকাশ করে। তাছাড়া এনএপিডি বার্তা, একাডেমির প্রশিক্ষণ বুকলেট এবং গবেষণা বুকলেট প্রকাশ করে।

ক) জার্নাল (Development Review):

জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমির প্রকাশনা তালিকা খুব বড় না হলেও জার্নাল, প্রশিক্ষণ বর্ষপঞ্জি, বার্ষিক প্রতিবেদন ও এনএপিডি বার্তা নিয়মিত প্রকাশ করা হয়ে থাকে। জার্নালে ছাপার জন্য মূলতঃ দেশের আর্থ-সামাজিক অবস্থা ও উন্নয়ন বিষয়ে সাম্প্রতিককালের তথ্যভিত্তিক প্রবন্ধকে প্রাধান্য দেয়া হয়। সাধারণত দেশ-বিদেশের বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, গবেষক, প্রশিক্ষণ ও গবেষণা প্রতিষ্ঠানের অভিজ্ঞ কর্মকর্তা এবং আগ্রহী ব্যক্তিদের লেখা এতে ছাপা হয়। জুন ২০১৮ সালে নিম্নলিখিত প্রবন্ধসমূহ নিয়ে “Development Review” ভলিউম ২৭ প্রকাশ করা হয়:

1. Managing Resettlement and Rehabilitation in Implementing Development Projects – A Case Study of Bangladesh
2. Knowledge and Practices of Supply Chain Management: A Study on Eskayef Bangladesh Ltd.
3. Impacts of Social Safety Nets on Inequality Prevalence: A Developing Country Perspective
4. Marketing Strategies of Planning and Project Management Related Training Courses: A Study of NAPD
5. An Analysis on Demographical Factors Influencing Tourist Behaviour in Bangladesh.

২০১৮ সালে “Development Review” ভলিউম ২৭ এর ৫০০ (পাঁচশত) কপি ছাপা হয়েছে। রিভিউয়ার ও লেখকদের সম্মানী, মুদ্রণ খরচ ইত্যাদি বাবদ ব্যয় হয়েছে ৭৫,০০০ (পঁচাত্তর হাজার) টাকা। বাংলাদেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগ, প্রকৌশল বিশ্ববিদ্যালয়, বিভিন্ন গবেষণা প্রতিষ্ঠান, পরিকল্পনা কমিশন, উন্নয়ন কর্তৃপক্ষ, বিভিন্ন প্রশিক্ষণ প্রতিষ্ঠান এবং সরকারের সচিব পর্যায়ে জার্নালের সৌজন্য কপি বিতরণ করা হয়।

আমেরিকার ‘লাইব্রেরি অব কংগ্রেস’ একাডেমির জার্নালের নিয়মিত গ্রাহক। এছাড়া আগ্রহী প্রতিষ্ঠান ও পাঠকের চাহিদা পূরণের লক্ষ্যে জার্নালের বেশ কিছু কপি সংরক্ষিত রয়েছে এবং বিক্রয়ের জন্য কিছু কপি প্রশিক্ষণ সেলে মজুদ আছে।

খ) প্রশিক্ষণ বর্ষপঞ্জি:

২০১৭-১৮ বছরের প্রশিক্ষণ বর্ষপঞ্জি মুদ্রণের পর পত্রের মাধ্যমে বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ, অধিদপ্তর ও সংস্থার নিকট বিতরণ করা হয়। ১,০০০ (এক হাজার) কপি প্রশিক্ষণ বর্ষপঞ্জি মুদ্রণ এবং ১,০০০ (এক হাজার) কপি খামসহ ব্যয় হয় ১,৯৩,০০০ (এক লক্ষ তিরানব্বই হাজার) টাকা। এছাড়া ২০১৮-২০১৯ বছরের প্রশিক্ষণ বর্ষপঞ্জির ১০০০ কপি মুদ্রণও বিভিন্ন প্রতিষ্ঠান ও সংস্থার নিকট বিতরণ করা হয়েছে।

গ) কৌশলগত পরিকল্পনা :

জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমির “**Strategic Management Plan**” প্রকাশিত হয়েছে। এতে আগামী ২০২৫ সালের মধ্যে উন্নয়ন ও পরিকল্পনা বিষয়ে দক্ষিণ এশিয়ায় অন্যতম প্রশিক্ষণ প্রতিষ্ঠান হিসেবে এই একাডেমিকে গড়ে তোলার অভিলক্ষ্য (Vision) স্থির করা হয়েছে। উক্ত অভিলক্ষ্য অর্জনে রূপকল্প (Mission) এবং কর্ম পরিকল্পনা ও প্রণয়ন করা হয়েছে। বর্তমানে এর বাস্তবায়নের প্রক্রিয়া শুরু হয়েছে।

গবেষণা ও পরামর্শ:

প্রশাসন, পরিকল্পনা, প্রকল্প ব্যবস্থাপনা ইত্যাদি সূষ্ঠা সম্পাদনের জন্য গবেষণা অত্যাবশ্যিক। কোন বিষয়ের প্রকৃত অবস্থা সম্পর্কে ওয়াকিবহাল হয়ে সঠিক সিদ্ধান্ত গ্রহণ ছাড়াও প্রশিক্ষণ কোর্সের কারিকুলাম উন্নয়নের জন্য গবেষণার ফলাফল ব্যাপক কাজে লাগে। তাই একাডেমি প্রশিক্ষণের কার্যকারিতা দেখার উদ্দেশ্যে বেশ কিছু “প্রশিক্ষণোত্তর কার্যকারিতা” (Post Training Utilization) পরিচালনা করেছে। গবেষণা একটি গুরুত্বপূর্ণ কাজ হওয়ার কারণে একাডেমির বর্তমানে একজন পরিচালকের নেতৃত্বে গবেষণা ও প্রকাশনা বিভাগের মাধ্যমে এ সকল কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে।

২০১৭-১৮ অর্থবছরে এনএপিডি ০৪টি যুগোপযোগী গবেষণা কর্ম সম্পাদন করে। তন্মধ্যে দুইটি রাজস্ব খাতে ও দুইটি প্রকল্পের আওতায় সম্পাদিত হয়।

রাজস্ব খাতে সম্পাদিত দুইটি গবেষণা ও গবেষকবৃন্দের তালিকা নিম্নের ছকে প্রকাশ করা হলো—

Sl. No.	Title of the Research	Name of the Researcher
01.	Evaluation on Participatory Method of Selected Project Management Training Programs: Lessons learning for NAPD	1. Md. Hasan Tarik (Research Director) Director (Research & Publication), NAPD 2. Dr Mohammad Thoufiqul Islam (Researcher) Professor, Dept. of Management, DU 3. Thouhidur Rahman Chowdhury (Research Associate) Deputy Director (Research & Publication), NAPD 4. Md. Sirajul Islam (Research Associate) Research Officer, NAPD 5. Md. Emamul Hafiz Nadim (Research Associate) Research Officer, NAPD 6. Dipayan Chakraborty Partho (Research Associate) Research Officer, NAPD 7. Lipia Khatun (Research Associate) Evaluation Officer, NAPD
02.	Studying Post Training Utilization of PGDICT4D Course of NAPD	Dr. M. Khurshed Alam Principal Investigator (PI)- cum-Training and Evaluation Expert & Chairman, BISR Ashir-In-Tishar Study Coordinator-cum-Researcher

প্রকল্পের আওতায় সম্পাদিত দুইটি গবেষণা ও গবেষকবৃন্দের তালিকা নিম্নের ছকে প্রকাশ করা হলো-

Sl. No.	Title of the Research	Name of the Researcher
03.	Improvement of Public Service Delivery after Introducing Small Improvement Programs (SIPs) in Narayangonj District	1. Md. Hasan Tarik (Research Director) Director (Research & Publication), NAPD 2. Dr Mohammad Thoufiqul Islam (Researcher) Professor, Dept. of Management, DU 3. Thouhidur Rahman Chowdhury (Research Associate) Deputy Director (Research & Publication), NAPD 4. Md. Sirajul Islam (Research Associate) Research Officer, NAPD 5. Md. Emamul Hafiz Nadim (Research Associate) Research Officer, NAPD 6. Dipayan Chakraborty Partho (Research Associate) Research Officer, NAPD 7. Lipia Khatun (Research Associate) Evaluation Officer, NAPD
04.	Utilization of Foreign Training- A study of some selected training Institutions in Bangladesh	Md. Nuruzzaman, Ph.d, Director (Training), NAPD Md. Khalilur Rahman, DG, PMO Dr. Md. Shah Alam, Director, BCSAA Sayman Afroz, Chief Instructor, NAPD

চতুর্থ পরিচ্ছদ: কর্মশালা ও সেমিনার

বিশ্বায়নের চ্যালেঞ্জ মোকাবেলায় দক্ষ জনশক্তি তৈরিতে একাডেমি কাজ করে যাচ্ছে। একাডেমির আয়োজনে প্রতিবছর দেশের ও বিদেশের প্রথিতযশা ব্যক্তিবর্গ বিভিন্ন ধরনের সভা, সেমিনার, ও কর্মশালায় অংশগ্রহণ করে থাকেন। এরই ধারাবাহিকতায় ২০১৭-১৮ অর্থবছরে জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি মোট ০৩টি কর্মশালার আয়োজন করে।

(1) Workshop on Course Curriculum Review (2) Workshop on Total Quality Management (TQM), Kurigram (3) Workshop on National Integrity, Quality Service and Implementing Good Governance (NIS), Cox's Bazar শিরোনামে কর্মশালাগুলো অনুষ্ঠিত হয়।

পঞ্চম পরিচ্ছদ: গ্রন্থাগার, কম্পিউটার ল্যাব, ল্যাংগুয়েজ ল্যাব ও অডিও ভিজুয়াল যন্ত্রপাতি

(ক) গ্রন্থাগারঃ

জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমির প্রশিক্ষণ, প্রশাসন ও গবেষণা কার্যক্রমের সহায়ক শাখা হিসেবে গ্রন্থাগারটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। গ্রন্থাগারে সাম্প্রতিক প্রকাশিত দেশি-বিদেশি উন্নয়নমূলক বই, জার্নাল/প্রতিবেদন, গবেষণা প্রতিবেদনসহ অন্যান্য তথ্য সংগ্রহ ও সংরক্ষণ করা হয়।



জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমির গ্রন্থাগার

জনবল:

একাডেমিতে রাজস্ব খাতে গ্রন্থাগারের জন্য ৬টি অনুমোদিত পদ রয়েছে।

- গ্রন্থাগারিক
- সহকারী গ্রন্থাগারিক
- ডকুমেন্টেশন অফিসার
- ক্যাটালগার
- সার্কুলেশন সহকারী
- গ্রন্থাগার এ্যাটেনডেন্ট

গ্রন্থাগারের উদ্দেশ্য:

- একাডেমির প্রশিক্ষণের সহায়ক বই, সাময়িকী, জার্নাল ও অন্যান্য প্রকাশনা সংগ্রহ;
- প্রশিক্ষণার্থী ও অনুষদ সদস্যদের গ্রন্থাগার সুবিধা প্রদান;
- গবেষণা ও প্রশাসনিক কার্যক্রমের সহায়ক বইপত্র সংগ্রহ, বিতরণ ও সংরক্ষণ।

কার্যাবলী:

- ক্রয়, অনুদান ও প্রকাশনা বিনিময়ের ভিত্তিতে বইপত্র সংগ্রহ;
- সংগ্রহকৃত বইপত্র রেজিস্ট্রারভুক্তকরণ, ক্যাটালগিং এবং শ্রেণিকরণ;
- সংগৃহীত জার্নাল, বিভিন্ন রিপোর্ট, গবেষণা প্রতিবেদন এবং বিভিন্ন কোর্স ব্রসিউর ইত্যাদি একাডেমির নিয়ম অনুযায়ী অনুষদ সদস্য, প্রশিক্ষণার্থী, আমন্ত্রিত অতিথি বক্তাদের মধ্যে ইস্যু করা;
- বই সংগ্রহের নিমিত্তে, দাতা সংস্থাসহ অন্যান্য প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ রক্ষা করা;
- সংগৃহীত নতুন পাঠ্য সামগ্রী সম্বন্ধে অনুষদ সদস্যদের অবহিতকরণ;
- প্রশিক্ষণ কোর্সের সহায়ক বিবলিওগ্রাফি তৈরি;
- বিশেষ প্রশিক্ষণকালীন অতিরিক্ত সময়ে গ্রন্থাগার সেবা প্রদান;
- রেফারেন্স সেবা প্রদান ইত্যাদি।

গ্রন্থাগারের আসবাবপত্র:

০১।	কম্পিউটার	০৪টি (ইন্টারনেট কানেকশনসহ)
০২।	বইয়ের সেলফ	স্টীল ৩৪টি, কাঠ ১২টি
০৩।	জার্নাল র্যাক	০৪টি
০৪।	জার্নাল ডিসপ্লে র্যাক (রোলিং)	০৩টি
০৫।	ক্যাটালগ বক্স	০১টি
০৬।	রিডার্স টেবিল (বড় কাচের)	০১টি
০৭।	রিডার্স টেবিল (বড় কাঠের)	০২টি
০৮।	কাউন্টার টেবিল	০২টি
০৯।	অফিসার্স-স্টাফ টেবিল	০৩টি
১০।	সোফা সেট	০৩টি
১১।	দেয়াল ঘড়ি	০২ টি
১২।	এয়ার কন্ডিশনার	০৩টি
১৩।	ছোট কাঠের র্যাক	০৪টি
১৪।	ম্যাগাজিন স্ট্যাণ্ড	০১টি
১৫।	ছোট পড়ার টেবিল	০৪টি

বই ক্রয় পদ্ধতি:

- গ্রন্থাগার শাখা কর্তৃক বিভিন্ন প্রকাশনা প্রতিষ্ঠানের ক্যাটালগ সংগ্রহ করা হয়। উক্ত ক্যাটালগ থেকে একাডেমির অনুমতি সদস্যগণ বিভিন্ন প্রশিক্ষণ, প্রশাসন ও গবেষণা কার্যক্রমের সহায়ক প্রয়োজনীয় পুস্তক নির্বাচন করেন;
- মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালক, পরিচালকত্রয় এবং প্রশিক্ষকদের চাহিদার ভিত্তিতে বই ক্রয় করা হয়;
- নির্ধারিত পুস্তক ক্রয় কমিটির সদস্যদের অনুমোদন সাপেক্ষে ক্রয় করা হয়।

সংগ্রহের উৎস: অনুদান, ক্রয় ও বিনিময়।

জুলাই ২০১৭ - জুন ২০১৮ মেয়াদে সংগৃহীত বইয়ের বিষয়ভিত্তিক বিভাজন নিম্নরূপ:

১.	আইন	১৭ টি
২.	ব্যবস্থাপনা	১০ টি
৩.	মুক্তিযুদ্ধ	৪৩ টি
৪.	পরিবেশ	১২ টি
৫.	অর্থনীতি	২৬ টি
৬.	সাহিত্য	২৯ টি
৭.	ইতিহাস	৭১ টি
৮.	শিক্ষা	০৮ টি
৯.	অভিধান	১৬ টি
১০.	অন্যান্য	২৭ টি
	মোট =	২৫৯টি

গ্রন্থাগার ব্যবস্থাপনা কমিটি:

গ্রন্থাগার ব্যবস্থাপনা কমিটির সদস্যরা হলেন:

- ১। অতিরিক্ত মহাপরিচালক
- ২। পরিচালক (প্রশিক্ষণ)
- ৩। পরিচালক (প্রশাসন ও অর্থ)
- ৪। পরিচালক (গবেষণা ও প্রকাশনা)
- ৫। উপ-পরিচালক (গবেষণা ও প্রকাশনা)
- ৬। প্রশিক্ষক-১
- ৭। প্রশিক্ষক-২
- ৮। গ্রন্থাগারিক

গ্রন্থাগারের নিয়মিত সংগৃহীত জার্নালসমূহ:

• The Bangladesh Development Studies	• বাংলাদেশ লোক প্রশাসন পত্রিকা
• Asia Pacific Journal of Rural Development	• উন্নয়ন পদক্ষেপ
• The Bangladesh Journal of Agricultural Economics	• সমাজ নিরীক্ষণ
• Asian Development Review	• ক্ষমতায়ন
• Management Development	• বাজেট সহজ পাঠ
• Bangladesh Journal of Training & Development	• The Journal of Local Govt.
• The Journal of BARD	• Development Review
• South Asian Journal of Management	• Bank Parikrama
• American Journal of Islamic Sciences	• South Asia Economic Journal
• Bangladesh Journal of Social Studies	• Journal of Electrical Engineering, Science and Technology
• Journal of Asiatic Society of Bangladesh	• Insurance Journal
• Journal of the Institute of Bangladesh Studies	• CIRDAP Development Digest
• Proshikkhan	• উন্নয়ন সমীক্ষণ
• The Cost & Management and Development	• এনএপিডি বার্তা
• Philippines journal of public administration	• বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি পত্রিকা

সাময়িকী

ম্যাগাজিন

আন্তর্জাতিক

- Time (Weekly)
 - The Economist (Weekly)
 - The Readers Digest (Monthly)
 - The Newsweek
- ১। কম্পিউটার জগৎ
২। বিজ্ঞান চিন্তা

দৈনিক পত্রিকা

- The Daily Star
- Financial Express
- The Independent
- The Asian Age
- দৈনিক কালের কণ্ঠ
- আমাদের সময়
- বাংলাদেশ প্রতিদিন
- দৈনিক জনকণ্ঠ
- দৈনিক ইত্তেফাক
- সংবাদ
- যুগান্তর
- প্রথম আলো
- যায়যায় দিন
- ইনকিলাব
- সমকাল
- মানবজমিন

(খ) কম্পিউটার ল্যাব ও সাইবার ক্যাফে:

একাডেমির প্রশাসনিক ভবনের ষষ্ঠ তলায় শীতাতপ নিয়ন্ত্রিত আইসিটি শাখা অবস্থিত। উক্ত শাখায় ০৩টি কম্পিউটার ল্যাব এবং ১টি সার্ভার কক্ষ আছে। ল্যাব-১ এ ৩০টি, ল্যাব-২ এ ৩২টি ল্যাপটপ ও ল্যাব-৩ এ ৩০টি কম্পিউটার বিদ্যমান। সকল ল্যাবই কেবল ও ওয়াই-ফাই নেটওয়ার্কের আওতাভুক্ত। আইসিটি শাখা পরিচালিত ৮টি কোর্স ছাড়াও একাডেমির অন্যান্য কোর্সের আইসিটি সম্পর্কিত ক্লাসসমূহ এই তিনটি ল্যাবে অনুষ্ঠিত হয়।



জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমির কম্পিউটার ল্যাব

আইসিটি সাপোর্টঃ

একাডেমিতে আইসিটি সাপোর্ট এর জন্য প্রধান ভবন, ডরমেটরী, ক্যাফেটারিয়া ও লবি সহ পুরো-একাডেমিতে ক্যাবল ও ওয়াই-ফাই নেটওয়ার্ক বিস্তৃত রয়েছে। একাডেমির LAN এ সকলের জন্য একটি কমন শেয়ার-সার্ভার স্থাপন করা হয়েছে, যার মাধ্যমে ডিজিটাল ডকুমেন্ট একজনের সাথে অন্যজন সহজে বিনিময় ও সংরক্ষণ রাখতে পারে। এছাড়া ক্যাম্পাস ডিসপ্লে সিস্টেম এর মাধ্যমে লবি, মহাপরিচালক, অতিঃ মহাপরিচালক, পরিচালক (প্রশিক্ষণ), পরিচালক (অর্থ ও প্রশাসন) ও পরিচালক (গবেষণা ও প্রকাশনা) এর দপ্তরে প্রাত্যহিক প্রশিক্ষণ কার্যক্রম প্রদর্শিত করা হয়। একাডেমিতে নিরাপত্তাজনিত কারণে ১৬টি সিসি ক্যামেরা দিয়ে মনিটর করা হয়ে থাকে। প্রশিক্ষার্থীদের সুবিধার জন্য লবিতে একটি সাইবার ক্যাফে স্থাপন করা হয়েছে।

প্রশিক্ষণ কার্যক্রম, গ্রন্থাগার ব্যবস্থাপনা, ডরমেটরী ও ক্যাফেটারিয়া ব্যবস্থাপনা এবং স্টোর ব্যবস্থাপনার জন্য একাডেমিতে একটি ৬ মডিউলের সফটওয়্যার ব্যবহার করা হয়। এছাড়া একাডেমিতে a2i কর্তৃক তৈরী করা ই-নথিং'র ব্যবহার শুরু হয়েছে ২০১৬ সাল থেকে এবং eGP এর মাধ্যমে ক্রয় কাজ শুরু হয়েছে ২০১৪ সাল থেকে।

প্রশিক্ষণ তথ্যসহ একাডেমির যে কোন আপডেট তথ্য, একাডেমির ওয়েবসাইট www.napd.gov.bd তে প্রকাশ করা হয়। প্রশিক্ষণ শুরু, সমাপনীসহ যে কোন গুরুত্বপূর্ণ অনুষ্ঠানের ছবি একাডেমির অফিসিয়াল ফেস-বুক পেজ facebook.com/napd.page এ প্রচার করা হয়।

আইসিটি শাখার জনবলঃ

আইসিটি শাখায় রাজস্ব খাতের একজন সিস্টেম এনালিস্ট, একজন সহকারী প্রোগ্রামার, একজন কম্পিউটার অপারেটর ও একজন ল্যাব এ্যাটেনডেন্ট এর পদ রয়েছে। এছাড়া দৈনিক ভিত্তিক ০১ জন ডাটা এন্ট্রি অপারেটর ও ০১ জন ল্যাব এ্যাটেনডেন্ট রয়েছে। সিস্টেম এনালিস্ট আইসিটি শাখার দায়িত্ব পালন করছেন।

কম্পিউটার সংক্রান্ত তথ্য:
আইসিটি সার্পোর্ট যন্ত্রাংশ


ক্রমিক নং	বর্ণনা	মোট
০১.	সার্ভার	০৩
০২.	Desktop Computer	১১৮
০৩.	ল্যাপটপ	৭৩
০৪.	লেজার প্রিন্টার	৪৬
০৫.	মাল্টিমিডিয়া প্রজেক্টর	২৬
০৬.	সুইচ	৩২
০৭.	স্ক্যানার	৪৭
০৮.	এক্সটারনাল ডকুমেন্ট ক্যামেরা	০৭
০৯.	অনলাইন ইউপিএস	০৩
১০.	অফলাইন ইউপিএস	১০৮
১১.	কম্পিউটার মনিটর	১২০

সাইবার ক্যাফে:

একাডেমির নীচতলায় ০৫টি কম্পিউটারের সুবিধা সম্পন্ন একটি সাইবার কক্ষ রয়েছে। এখানে সার্বক্ষণিক নেটওয়ার্ক ব্যবহারের বন্দোবস্ত রয়েছে। কক্ষটি প্রশিক্ষার্থীদের জন্য বেলা ০২টা থেকে রাত ১০টা পর্যন্ত খোলা রাখার ব্যবস্থা করা হয়। প্রতিদিন একাডেমির বিভিন্ন প্রশিক্ষণ কোর্সের কমপক্ষে ১৫-২০ জন প্রশিক্ষার্থী সাইবার কক্ষের সেবা গ্রহণ করে থাকেন।

(গ) ল্যাংগুয়েজ ল্যাব:

একাডেমিতে একটি অত্যাধুনিক ল্যাংগুয়েজ ল্যাব আছে। English Language Proficiency কোর্সসহ বিভিন্ন বুনয়াদি কোর্সের ইংরেজি ভাষা বিষয়ক অধিবেশন সমূহ উক্ত ল্যাবে অনুষ্ঠিত হয়। এই ল্যাবে Speaking এবং Listening এর ক্লাস পরিচালনার সহায়ক আধুনিক সুবিধা বিদ্যমান।



জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমির ল্যাংগুয়েজ ল্যাব

লোকবল: ল্যাংগুয়েজ ল্যাবে ১জন কর্মকর্তা, ১জন অপারেটর ও ১জন এমএলএসএসএস দায়িত্বে নিয়োজিত।

ল্যাংগুয়েজ ল্যাবের বিভিন্ন যন্ত্রপাতি:

• টিভি	১টি
• অডিও ক্যাসেট রেকর্ডার	১টি
• Computer Interface Duplo Copier	১টি
• Master Recorder	২টি
• Record Player with headphone	৫০টি
• Electronic Board	১টি

(ঘ) অডিও ভিজুয়াল যন্ত্রপাতি:

প্রশিক্ষণ কর্মসূচিকে সহায়তার লক্ষ্যে একাডেমিতে অত্যাধুনিক একটি অডিও ভিজুয়াল ইউনিট রয়েছে। এ ইউনিটের সার্ভিস ও বিভিন্ন যন্ত্রপাতি সম্পর্কিত তথ্য নিম্নরূপ:

সার্ভিস: পোস্টার, নেম কার্ড, ব্যাজ কার্ড ও ট্রান্সপারেন্সী সীট তৈরি করা এবং ফটোগ্রাফিক ওয়াকর্স, ভিডিওগ্রাফি, অডিও ভিজুয়াল ইত্যাদি সার্ভিস প্রদান করা হয়।

অডিও ভিজুয়াল শাখার জনবল: ১ জন অডিও ভিজুয়াল কর্মকর্তা, ১ জন ফটোকপি অপারেটর দায়িত্বে নিয়োজিত।

বিভিন্ন যন্ত্রপাতি:

• ভিডিও কনফারেন্সিং সিস্টেম	২টি
• কর্ডলেস মাইক্রোফোন (হ্যান্ড)	১১টি
• স্টিল ক্যামেরা	১টি
• কর্ড মাইক্রোফোন	১৮টি
• কর্ডলেস পকেট মাইক্রোফোন	১০টি
• কনফারেন্স সিস্টেম ইউনিট	১টি
• এমপিফায়ার	১১ সেট (শ্রেণীকক্ষে, ল্যাব ও মিলনায়তনে)

ষষ্ঠ পরিচ্ছদ: একাডেমির অন্যান্য সুযোগ সুবিধা

শ্রেণীকক্ষ:

জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমিতে শীতাতপ নিয়ন্ত্রিত ০৯ (নয়টি) শ্রেণীকক্ষ আছে। প্রশিক্ষার্থীদের নিকট ক্লাসের বিষয়বস্তু সহজবোধ্য করে তোলার জন্য এসব শ্রেণীকক্ষ অত্যাধুনিক “প্রশিক্ষণ যন্ত্রপাতি অনুষ্ঙ্গ” যেমন, স্ক্রীনসহ মাল্টিমিডিয়া প্রজেক্টর, ও. এইচ. পি. মাইক্রোফোন, ক্লিপ বোর্ড, হোয়াইট বোর্ড ইত্যাদি প্রশিক্ষণ সামগ্রী দিয়ে সাজানো। শ্রেণীকক্ষের আকার ভেদে ত্রিশ/ঘাট (৩০/৬০) জন প্রশিক্ষার্থী একসঙ্গে ক্লাস করতে পারেন। একাডেমির অনুষ্ঠানাদি ছাড়াও শিক্ষামূলক অনুষ্ঠানের জন্য বাইরের বিভিন্ন প্রতিষ্ঠানকে শ্রেণীকক্ষ ভাড়া দেয়া হয়। শ্রেণীকক্ষের দৈনিক ভাড়া ভ্যাটসহ ১২,০০০/- (বার হাজার) টাকা এবং কম্পিউটার ল্যাবের দৈনিক ভাড়া ভ্যাটসহ ১৫,০০০/- (পনের হাজার) টাকা।

মিলনায়তন ও সভাকক্ষ:

এনএপিডি'র প্রশাসনিক ভবনের নীচতলায় দু'শ পঞ্চাশ (২৫০) জনের ধারণ ক্ষমতা সম্পন্ন একটি শীতাতপ নিয়ন্ত্রিত মিলনায়তন আছে। নিজস্ব অনুষ্ঠানাদি ছাড়াও শিক্ষামূলক অনুষ্ঠানের জন্য মিলনায়তনটি বাইরের বিভিন্ন প্রতিষ্ঠানকে ভাড়া দেয়া হয়। মিলনায়তনের একদিনের ভাড়া ভ্যাটসহ এিশ হাজার (৩০,০০০/-) টাকা। ভাড়ার অর্থ একাডেমির প্রতি বছরের বাৎসরিক বাজেটে নিজস্ব আয় হিসেবে জমা হয়। প্রশাসনিক ভবনের ৩য় তলায় শীতাতপ নিয়ন্ত্রিত একটি সভাকক্ষ আছে। সভাকক্ষে একাডেমির মাসিক সমন্বয় সভা ও বিভিন্ন কমিটির সভা অনুষ্ঠিত হয়ে থাকে।

ডরমিটরী:

এনএপিডি- এর সাত তলা বিশিষ্ট ডরমিটরীতে এক শয্যার আট (০৮) টি, দুই শয্যার একত্রিশ (৩১) টি, তিন শয্যার এগারো (১১) টি এবং চার শয্যার এক (১) টি মোট আটচল্লিশ (৪৮) টি কক্ষ আছে। সর্বমোট একশ নয় (১০৯) জন প্রশিক্ষার্থী/অতিথি এক সঙ্গে ডরমিটরীতে অবস্থান করতে পারেন। এক শয্যাবিশিষ্ট আট (০৮)টি কক্ষ আধুনিক সুযোগ সুবিধা সহকারে তৈরি, যাতে সেখানে বিশেষ অতিথির সেবা প্রদান করা সম্ভব হয়।

একজন ডরমিটরী সুপারিনটেনডেন্ট এর নেতৃত্বে ০১ জন রুমবয়, ০২ জন ডরমিটরী এটেনডেন্ট ও ০১ জন লিফট অপারেটর ডরমিটরীতে কাজ করেন। ডরমিটরীর কর্মচারী স্বল্পতাহেতু কোর্স চলাকালীন সময়ে প্রশিক্ষার্থীদের সেবা দেয়ার জন্য ০৩ জন কর্মচারী অস্থায়ী/দৈনিক ভিত্তিতে কাজ করেন। ডরমিটরীর কার্যক্রম তদারক করার জন্য ০৩ সদস্যের একটি ব্যবস্থাপনা কমিটি আছে। বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ ও অন্যান্য গুরুত্বপূর্ণ আবাসিক কোর্স চলাকালীন একাডেমির প্রধান প্রশিক্ষক জনাব মোঃ নূরুল ইসলাম ডরমিটরীর প্রভোস্ট হিসেবে অতিরিক্ত দায়িত্ব পালন করেন।

ক্যাফেটেরিয়া:

একাডেমিতে দ্বিতল বিশিষ্ট একটি অত্যাধুনিক ক্যাফেটেরিয়া আছে। ক্যাফেটেরিয়ার নীচ তলায় পঁচাত্তর (৭৫) জন ও দ্বিতীয় তলায় একশ (১০০) জনের খাওয়ার ব্যবস্থা আছে। একজন ক্যাফেটেরিয়া সুপারিনটেনডেন্ট-এর নেতৃত্বে বাবুর্চি, সহকারী বাবুর্চিসহ মোট সাত (০৬) জন কর্মচারী ক্যাফেটেরিয়াতে কাজ করেন। রাজস্ব খাত থেকে এদের বেতন ভাতা পরিশোধ করা হয়। এ ছাড়া বিসিএস (স্বাস্থ্য) ক্যাডার কর্মকর্তাদের জন্য আয়োজিত বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স চলাকালীন ক্যাফেটেরিয়াতে বাবুর্চি, সহকারী বাবুর্চি, পরিবেশকসহ মোট ০৮জন কর্মচারী দৈনিক ভিত্তিতে কাজ করেন। যাদের বেতন প্রশিক্ষণ কোর্স ফান্ড থেকে দেয়া হয়। ক্যাফেটেরিয়ার কার্যক্রম পাঁচ (৫) সদস্যের একটি ব্যবস্থাপনা কমিটির মাধ্যমে পরিচালিত হয়।



জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমির ক্যাফেটেরিয়া

নামাজের স্থান:

একাডেমির ক্যাফেটেরিয়া ভবনের তিন তলায় একজন ইমামের নেতৃত্বে প্রশিক্ষার্থীসহ সংশ্লিষ্ট সকলের নামাজের ব্যবস্থা আছে। ক্ষুদ্র পরিসরে নারী প্রশিক্ষার্থীদের জন্যও আলাদা ব্যবস্থা রয়েছে। নামাজ খানাটি সম্প্রতি শীতাতপ নিয়ন্ত্রণ করা হয়েছে।

স্টোর:

একাডেমির প্রশাসনিক ভবনের দোতলায় স্টোরের অবস্থান। প্রশাসন, প্রশিক্ষণ, গবেষণা ও প্রকাশনা ইত্যাদি কার্যাবলী সম্পাদনে প্রয়োজনীয় স্টেশনারী/যন্ত্রাংশ বা অন্যান্য দ্রব্যাদি 'ক্রয় কমিটির' সুপারিশক্রমে পিপিআর অনুসরণ এর মাধ্যমে ক্রয় করা হয়। চাহিদা অনুযায়ী অনুমোদিত রিকুইজিশ্যান স্লিপের মাধ্যমে স্টোর হতে দ্রব্যাদি সরবরাহ করা হয়।

প্রশিক্ষণ সেল:

একাডেমির প্রশাসনিক ভবনের দ্বিতীয় তলায় এক কক্ষের একটি প্রশিক্ষণ সেল আছে। একাডেমিতে প্রথম দিকে কোন প্রশিক্ষণ সেল ছিল না বিধায় দ্রুত সেবা প্রদানের লক্ষ্যে ১৯৯৮ সাল থেকে প্রশিক্ষণ সেল চালু করা হয়। এই সেলের কাজ হলো- বিষয়ভিত্তিক প্রশিক্ষণ নথি ও হ্যাণ্ড নোটস সংরক্ষণ, মনোনয়নপত্র প্রেরণ, কোর্স মূল্যায়ন, প্রশ্নপত্র প্রক্রিয়াকরণ ইত্যাদি। এই সেলের দায়িত্বে ০২ জন কর্মকর্তা ও ০১ জন কর্মচারী নিয়োজিত আছেন।

যানবাহন:

একাডেমির ছয়টি গাড়ির মধ্যে দু'টি কার, তিনটি মাইক্রোবাস ও একটি পিকআপ রয়েছে। এছাড়া প্রকল্পের আওতায় ১টি জীপ সংগ্রহ করা হয়েছে। কার দু'টি মহাপরিচালক ও অতিরিক্ত মহাপরিচালক- এর সার্বক্ষণিক ব্যবহারের জন্য নির্ধারিত। মাইক্রোবাস ও পিকআপ বিভিন্ন দাপ্তরিক কাজ, শাটল সার্ভিস, শিক্ষা সফর এবং অনেক সময় জরুরি প্রয়োজনে অতিথি বক্তাদের যাতায়াতের জন্য ব্যবহৃত হয়। একাডেমিতে ছয়জন গাড়ীচালক আছেন। গাড়িগুলো উপ-পরিচালক (প্রশা ও অর্থ) এর তত্ত্বাবধানে সহকারী পরিচালকের মাধ্যমে নিয়ন্ত্রিত হয়ে থাকে।

লিফট:

একাডেমির প্রশাসনিক ভবনে ২টি ও ডরমিটরীতে উঠা-নামার জন্য ১টি সহ একাডেমিতে মোট ০৩ টি লিফট আছে।

খেলাধুলা:

প্রতিবছর বিসিএস (স্বাস্থ্য) ক্যাডার কর্মকর্তাদের বিশেষ বুনয়াদী প্রশিক্ষণ কোর্সের অংশ হিসেবে প্রশিক্ষার্থীদের জন্য 'ইনডোর গেমস্' এর ব্যবস্থা করা হয়। প্রশিক্ষার্থীদের নিয়মিত শরীরচর্চার জন্য একাডেমি ভবনের নবম তলায় বিভিন্ন ধরনের শরীরচর্চার সরঞ্জাম রয়েছে। এছাড়া তিনটি টেবিল টেনিস সেট, চারটি ব্যাডমিন্টন সেট, ১০টি দাবা ও চারটি ক্যারাম বোর্ড সেট, ট্রেড মিল, ফিটনেস সাইকেল, রোলিং মেশিন ইত্যাদি আছে।

সমাপনী অনুষ্ঠানে সনদ বিতরণ এবং সাংস্কৃতিক কর্মকান্ড:

প্রশিক্ষণ প্রতিষ্ঠান হিসেবে একাডেমি প্রতিবছর বিভিন্ন মেয়াদের ও বিভিন্ন বিষয়ের উপর প্রশিক্ষণ দিয়ে থাকে। দীর্ঘমেয়াদি প্রশিক্ষণের প্রশিক্ষণার্থীগণ নিজেদের উদ্যোগে একাডেমির মিলনায়তনে মাঝে মাঝে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করে থাকেন। প্রশিক্ষণার্থী কর্তৃক আয়োজিত উক্ত অনুষ্ঠানসমূহে একাডেমির অনুষদ সদস্যগণ অংশগ্রহণ করেন। প্রতি বছর বিসিএস (স্বাস্থ্য) ক্যাডার কর্মকর্তাদের বিশেষ বুনিয়াদী প্রশিক্ষণ কোর্সের মাঝে ও কোর্সের শেষে প্রশিক্ষণার্থীগণ বিভিন্ন শিরোনামে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করে থাকেন।

আবাসন:

জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমির নিজস্ব কর্মকর্তা/কর্মচারীদের জন্য ১২৫০ বর্গফুটের-০৫টি, ১০০০ বর্গফুটের-০৫টি, ৮৫০ বর্গফুটের-১২টি ও ৬৫০ বর্গফুটের ১০টি সহ মোট ৩২টি আবাসিক ফ্ল্যাট রয়েছে। ফ্ল্যাটগুলোতে ১৪ জন কর্মকর্তা ও ১৮জন কর্মচারী বসবাস করছেন। আবাসিক ভবনের নিয়ম শৃঙ্খলার জন্য সদস্য বিশিষ্ট আবাসন ব্যবস্থাপনা কমিটি রয়েছে। উক্ত কমিটিতে প্রধান প্রশিক্ষক জনাব মোঃ নূরুল ইসলাম সভাপতি এবং উপ-পরিচালক জনাব হেলাল উদ্দিন আকন্দ সদস্য সচিব হিসেবে দায়িত্ব পালন করছেন।

ভূমি:

দাপ্তরিক ও আবাসিক এলাকা নিয়ে সর্বমোট ০১ একর জমির উপর জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি অবস্থিত।

জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমির যানবাহন ও অফিস যন্ত্রপাতি

ক্র. নং	যানবাহন ও সরঞ্জামাদির নাম	বিদ্যমান সংখ্যা
	১	৩
১.	কার	০২ (দুই)টি
২.	কোষ্টারবাস	-
৩.	মাইক্রোবাস	০৩ (তিন)টি
৪.	পিকআপ	০১ (এক)টি
৫.	জিপ	০১ (এক)টি (প্রজেক্ট)
৬.	মোটর সাইকেল	-
৭.	জেনারেটর (২২৫ কেভি)	০১ (এক) টি
৮.	মাল্টিমিডিয়া প্রজেক্টর	২৬ (ছাব্বিশ) টি
৯.	ডেস্কটপ কম্পিউটার	১১৮ (একশত আঠারো) টি
১০.	শীতাতপ নিয়ন্ত্রিত যন্ত্র	৫৬ (ছাপ্পান্ন)টি
১১.	সার্ভার কম্পিউটার	০৩ (তিন) টি
১২.	ল্যাপটপ কম্পিউটার	৭৩ (তিহাত্তর)টি
১৩.	ওয়েব ক্যামেরা	৬৭ (সাতষট্টি)টি
১৪.	Optical Mark Reader (OMR)	-
১৫.	Video Conferencing System	০২ (দুই) টি
১৬.	প্রিন্টার:	
	হেভি ডিউটি লেজার প্রিন্টার	০৫(পাঁচ)টি
	কালার লেজার প্রিন্টার	০১ (এক) টি
	নরমাল লেজার প্রিন্টার	৪০ (চল্লিশ) টি
১৭.	স্ক্যানার	৪৭ (সাতচল্লিশ) টি
১৮.	ইউপিএস:	
	অনলাইন ইউপিএস (২ কেভিএ)	০৩ (তিন)টি
	অফলাইন ইউপিএস (২ কেভিএ)	০৭ (সাত) টি
	অফলাইন ইউপিএস (৬৫০ ভিএ)	১০৮ (একশত আট)টি

ক্র. নং	যানবাহন ও সরঞ্জামাদির নাম	বিদ্যমান সংখ্যা
	১	৩
১৯.	নেটওয়ার্ক যন্ত্রপাতি:	
	সিসকো রাউটার	০১ (এক)টি
	মাইক্রোটিক রাউটার	০২ (দুই)টি
	সিসকো ওয়্যারলেস রাউটার	৪১ (একচল্লিশ) টি
	সিসকো সুইচ ২৪ পোর্ট	১৫ (পনের) টি
	সিসকো সুইচ ৮ পোর্ট	১৭ (সতের) টি
	নেটওয়ার্ক র‍্যাক	০২ (দুই) টি
	সার্ভার র‍্যাক	০১ (এক)টি
২০.	প্রজেক্টর এক্সটার্নাল ডকুমেন্ট ক্যামেরা	০৭ (সাত) টি
২১.	অডিও ভিজুয়াল যন্ত্রপাতি	
	ফটোকপি মেশিন (Black & White)	০৫ (পাঁচ)টি
২২.	এমপ্লিফায়ার	০৯ (নয়)টি
২৩.	টিভি	১৪ (চৌদ্দ)টি
২৪.	স্পিকার	২০ (বিশ)টি
২৫.	কর্ড মাইক্রোফোন	১৪ (চৌদ্দ)টি
২৬.	হ্যান্ড মাইক্রো ফোন কর্ডলেস	১০ (দশ) টি
২৭.	পকেট মাইক্রো ফোন	০৮ (আট) টি
২৮.	ইন্টারেক্টিভ বোর্ড	০১(এক)টি
২৯.	মাষ্টার রেকর্ডার	০২(দুই)টি
৩০.	এাষ্টার কনসুল	০১ (এক)টি
৩১.	বুথ রেকর্ডার হেড ফোনসহ	৫০ (পঞ্চাশ)টি
৩২.	স্টিল ক্যামেরা	০১ (এক)টি
৩৩.	ভোল্টেজ স্ট্যাবিলাইজার:	
	ভোল্টেজ স্ট্যাবিলাইজার ১৫ কেভিএ	০৬ (ছয়) টি
	ভোল্টেজ স্ট্যাবিলাইজার ৫ কেভিএ	০১ (এক) টি
	ভোল্টেজ স্ট্যাবিলাইজার ৩ কেভিএ	০১ (এক) টি
	ভোল্টেজ স্ট্যাবিলাইজার ২ কেভিএ	০১ (এক) টি
৩৪.	লিফট	০৩ (তিন) টি
৩৫.	পিএবিএক্স সিস্টেম	০১ (এক) টি
৩৬.	ক্যামেরা (সিসি)	১৬ (ষোল)টি
৩৭.	DVR System	০১ (এক)টি

সপ্তম পরিচ্ছদ: বাজেট ও হিসাব (জুলাই ২০১৭ - জুন ২০১৮)

অর্থ ও হিসাবঃ

জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমির আর্থিক লেনদেন সম্পাদন করার জন্য একটি হিসাব শাখা রয়েছে। যাবতীয় আয়-ব্যয় ও লেনদেন এবং হিসাব সংরক্ষণের দায়িত্ব এ শাখা পালন করে থাকে। একাডেমির পরিচালক (প্রশা: ও অর্থ) আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে দায়িত্বে নিয়োজিত থেকে এ কার্যাদি তদারক করেন।

জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান হলেও সরকারি হিসাব পদ্ধতিই এখানে চালু রয়েছে। প্রথম ও দ্বিতীয় শ্রেণির কর্মকর্তাগণ স্ব স্ব বিলের বিপরীতে তাঁদের বেতন ও ভাতাদি অবিনিমেয় চেকের মাধ্যমে এবং কর্মচারীগণের বেতন ও ভাতাদি বিলের মাধ্যমে আয়ন-ব্যয়ন কর্মকর্তার অনুকূলে ব্যাংক হতে নগদ উত্তোলনপূর্বক পরিশোধ করা হয়ে থাকে। একাডেমির সার্বিক পরিচালনার স্বার্থে প্রয়োজনীয় মালামাল ক্রয় বাবদ বিলসমূহ সরবরাহকারীর অনুকূলে অবিনিমেয় চেকের মাধ্যমে পরিশোধ করা হয়।

জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি নিম্নলিখিত উৎস হতে তহবিল প্রাপ্ত হয়:

- (ক) সরকারি অনুদান
- (খ) কোর্স ফি
- (গ) ক্যাফেটেরিয়া ও ডরমিটরী সার্ভিসেস
- (ঘ) মিলনায়তন ও শ্রেণীকক্ষ ভাড়া
- (ঙ) অনুরোধ কোর্সের ওভারহেড চার্জ
- (চ) অনুষদবৃন্দের বক্তৃতা বাবদ প্রাপ্ত সম্মানী থেকে ১০% কর্তন
- (ছ) অন্যান্য উৎস হতে আয়।

২০১৭-২০১৮ অর্থবছরে সরকারি অনুদান ৭,১১,০০,০০০/- টাকা ও নিজস্ব আয়ের ১,৩৩,০০,০০০/- টাকাসহ মোট বাজেট ছিল ৮,৪৪,০০,০০০/- টাকা। উক্ত বাজেটের সম্পূর্ণ অর্থ ব্যয় হয়েছে। ২০১৭-২০১৮ সালের নিজস্ব আয়ের বিবরণ:

ক্রমিক নং	আয়ের বিবরণ	টাকার পরিমাণ
০১.	রাজস্ব খাত	১,২৯,২৩,৮৪২.৯৭/-
০২.	কোর্স ফান্ড	১,৮৭,২৯,৯৯১.৪১/-
০৩.	ডরমিটরী ফান্ড	৫২,৬৮,২৩৯.২৫/-
০৪.	ক্যাফেটেরিয়া ফান্ড	৩,২৭,০৬৭.৯৬/-
০৫.	পেনশন ফান্ডে স্থানান্তর	২,৪৬,০০,০০০.০০/-
	মোট=	৬,১৮,৪৯,১৪১.৫৯/-

জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমির কর্মচারীদের জন্য “জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি কর্মচারী (অবসর ভাতা, অবসরজনিত সুবিধাদি তহবিল এবং সাধারণ ভবিষ্য তহবিল) প্রবিধানমালা, ২০১৩” ১৫-৯-২০১৩ইং সরকারি গেজেটে প্রজ্ঞাপন জারি করা হয়। উপর্যুক্ত সুবিধাদি প্রশাসনিক মন্ত্রণালয়ের মাধ্যমে ১৯-৯-২০১৩ইং থেকে কার্যকর করা হয়। “জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি কর্মচারী (অবসরভাতা, অবসরজনিত সুবিধাদি এবং সাধারণ ভবিষ্য তহবিল)” শীর্ষক সোনালী ব্যাংক, বাজমে কাদেরীয়া শাখায় ব্যাংক হিসাব রয়েছে। উক্ত পেনশন খাতে বর্তমানে ১৬,২১,৩১,৯৪১/৩০- টাকা রয়েছে যা অধিক মুনাফার লক্ষ্যে বিভিন্ন সরকারি ব্যাংকে এফডিআর করা আছে। উল্লেখ্য যে, এনএপিডি থেকে ২০১৪-২০১৫ অর্থ বছরে ২জন, ২০১৫-১৬ অর্থ বছরে ০১ জন এবং ২০১৬-২০১৭ অর্থ বছরে ০৩ জন কর্মচারী অরসরে গিয়েছেন। ২০১৭-২০১৮ অর্থ বছরে আরও ০২জন কর্মচারী PRL এ রয়েছেন।

জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি
২০১৭-২০১৮ অর্থবছরের জুলাই ২০১৭ - জুন ২০১৮ পর্যন্ত রাজস্বখাতের প্রাপ্তি ও ব্যয়ের বিবরণী
চলতি হিসাব নং- ২০০০০০৪৫, সোনালী ব্যাংক, বাজমে কাদেরিয়া শাখা, ঢাকা।

প্রাপ্তি	টাকার পরিমাণ	কোড নং	ব্যয়	টাকার পরিমাণ
প্রারম্ভিক জের	১০৭৬৭৯৩৪.০৬	৪৫০১	কর্মকর্তাদের বেতন ভাতা	১৮৮০২৪৫৭.৭০
২/০৭/১৬	১৫২০৮.২৯	৪৬০১	কর্মচারীদের বেতন ভাতা	১১৮৯৩০৯২.৩০
সরকারী অনুদান	৭১১০০০০০.০০	৪৭০৯	শ্রীশ্রী বিনোদন ভাতা	৬০৩০২০.০০
মিলনায়তন/ক্লাশরুম ভাড়া	১৭৪০০০.০০	৪৭১৩	উৎসব ভাতা	৪৪৫৩৫৩৬.০০
ওভারহেড/বিবিধ	১৫১৩২৯.০০	৪৭৬১	ভ্রমণ ভাতা	৬৬১৫২.০০
রাজস্ব কোর্স ফি হতে প্রাপ্ত	১২৯৯৭৭৮৪.৩০	৪৭৬৯	অতিরিক্ত কাজের ভাতা	১১৫৪০৫৮.০০
পিজিডি কোর্স ফি	১১৫৮৪৬৮.০০	৪৭৯৫	ব্লক পোস্ট সম্মানী	১০৯১২০.০০
পিজিডি-আইসিটি কোর্স ফি	১২৭৬৮৩২.৪০	৪৮০৯	স্যাটেলাইট	৩২৭৯৫.০০
পিপিডিএম কোর্স ফি	৬৩০০০০.০০	৪৮১০	পৌর কর	১১৭৪৮০০.০০
অগ্রিম কোর্স ফি	২২৩০০০.০০	৪৮১১	ভূমিউন্নয়ন কর	৪৮৬০.০০
পেঅর্ডার/বিবিধ	৪০৮৪৫০.০০	৪৮১৩	কাস্টম শুল্ক/ভ্যাট/আয়কর	১৫১০৫৫৩.৭০
	০	৪৮১৫	ডাক মাশুল	১০৪১০৬.০০
	০	৪৮১৬	টেলিফোন/টেলিগ্রাম/টেলিপ্রিন্টার	৫১৬৩১৩.০০
	০	৪৮১৭	টেলেক্স, ফ্যাক্স ও ইন্টারনেট	২৩০০০০.০০
	০	৪৮১৯	স্ট্রানি	৯৬৫২০২.০০
	০	৪৮২১	বিদ্যুৎ ও জেনারেটর	২২১৬৬৫৯.৬১
	০	৪৮২২	গ্যাস জ্বালানী (সিএনজি)	১২১২০৫৭.২০
	০	৪৮২৩	পেট্রোল ও লুব্রিকেন্ট	৫২১৯৯১.০০
	০	৪৮২৪	যৌথ বীমা/ব্যাংক চার্জ	১০২৫১০৯.০০
	০	৪৮২৭	মুদ্রণ, বাধাই ও ফটোকপি	৫৩১৬৩৩.৪১
	০	৪৮২৮	স্টেশনারী(অফিস ও কোর্সসহ)	২৭৫৫৩৮৬.০২
	০	৪৮২৯	গবেষণা ব্যয়	৪৬৯৩৫০.০০
	০	৪৮৩১	বইপত্র, সাময়িকী ও খবরের কাগজ	২১৩৬২১.০০
	০	৪৮৩৩	প্রচার ও বিজ্ঞাপন	১৭৪১৮৭.২৫
	০	৪৮৩৫	প্রকাশনা (প্রশিক্ষণ বর্ষপুঞ্জি, জার্নাল, ও বার্ষিক প্রতিবেদন)	৯১৫০৪০.৫৫
	০	৪৮৩৬	ইউনিফর্ম	৮৪২০০.০০
